দৈনিক বাংলা

তারিখ 09 AUG 1985
পৃষ্ঠা ১ কলাম ১

030

# শিক্ষার যুগোপযোগী বিন্যাস দরকার : এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে সাফল্য অর্জনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষার যুগোপযোগী ও যথাপ্রযুক্ত বিন্যাস প্রয়োজন।

আজ থেকে জাতীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে এক বাণীতে প্রেসিডেন্ট আরও বলেন, উন্নত সমাজ ও জাতি গঠনে শিক্ষার কোন বিকল্প নেই।

শিক্ষাই আলো, ও শিক্ষাই উন্নয়ন। শিক্ষার আলোতে অপসৃত হয় অজ্ঞতার অন্ধকার, মূর্খতার অভিশাপ। শিক্ষা সম্প্রসারণ ও শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে আয়োজিত শিক্ষা সপ্তাহের গুরুত্ব তাই অপরিসীম।

তিনি বলেন শিক্ষা একটি সাংবিধানিক অধিকার। '২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা' হচ্ছে জাতির কাছে আমাদের সুস্পষ্ট অঙ্গীকার। এই প্রতিশ্রুতি বাস্তবায়নের উদ্দেশ্যেই গৃহীত হয়েছে সার্বজনীন প্রাথমিক শিক্ষা ও জাতীয় গণশিক্ষা কর্মসূচী

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## এরশাদ

(১-এর পৃঃ পর)

প্রকল্প। অদূর ভবিষ্যতে বিজ্ঞান ও নবতর প্রযুক্তির ক্ষেত্রে সাফল্য অর্জনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষার যুগোপযোগী এবং যথাপ্রযুক্ত বিন্যাস বিশেষ প্রয়োজন। এ ব্যাপারে আমাদের সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করতে হবে। পরীক্ষা পদ্ধতিকে ঢেলে সাজানো অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে। কেননা কিশোর ও যুব সমাজে যে কোন প্রকার হতাশা ও নেতিবাচক মনোভাব সমগ্র জাতির জন্য অশুভ পরিণাম ডেকে আনতে পারে।

বাণীতে প্রেসিডেন্ট বলেন শিক্ষা সপ্তাহে কৃতী শিক্ষক ও শিক্ষাবিদদের পুরস্কৃত করা হবে জেনে আমি আনন্দিত। এই পুরস্কার একদিকে যেমন স্বীকৃতি অন্যদিকে তেমনি নবতর দায়িত্বের প্রতীক। অর্পিত দায়িত্ব পালনে তাঁরা আরো যত্নশীল হবেন এ আস্থা আমার রয়েছে। শিক্ষা সপ্তাহের আয়োজনের জন্যে শিক্ষা মন্ত্রণালয়কে অভিনন্দন জানাচ্ছি এবং জাতীয় শিক্ষা সপ্তাহের সার্বিক সাফল্য কামনা করছি। খবর তথ্য বিবরণীর।